# সম্পাদকীয় প্রতিবেদন

# বোধোদয়

BODHODOY
A unit for Holistic Development

## অর্থবর্ষ : ২০২২-২০২৩

## Annual Report ( 2022-23)

REG. NO.= S0004767

'বোধোদয়' একটি স্বেচ্ছাসেবী সংগঠন। নানা ক্ষেত্রের বহুমাত্রিক শুভানুধ্যায়ীদের সহমর্মিতায় বেশ কিছু শিক্ষিত তরুণ প্রাণের সম্মিলিত প্রবহমান উদ্যোগ। কর্মের বিভিন্ন কাণ্ডের মধ্যে 'বোধোদয়' বিশেষভাবে বেছে নিয়েছে মূলত পুরুলিয়া ও বাঁকুড়ার কয়েকটি গ্রামে পিছিয়ে পড়া জনগোষ্ঠীর মধ্যে জনস্বাস্থ্য ও জনশিক্ষার কাজ।

**03rd June, 2022:** বোধোদয় এর পক্ষ থেকে বাঁকুড়ার উপরশোল শিক্ষানিকেতন এর শিক্ষার্থীদের



মধ্যে উপস্থিতির নিরিখে উপহার স্বরূপ গল্পের বই বিতরণ করা হল। উপস্থিত ছিলেন শিক্ষিকা রাসমনি মুর্মু, শিক্ষক রাধেশ্যাম দে এবং পান্থদীপ বন্দ্যোপাধ্যায়।





**05th June,2022 :** আজ বিশ্ব পরিবেশ দিবস। আজকের এই বিশেষ দিনে #বোধোদয় পরিবারের পক্ষ থেকে আয়োজন করা হয়েছিল বৃক্ষরোপোন অনুষ্ঠান এবং বিনামূল্যে চিকিৎসা শিবির। বৃক্ষরোপোন অনুষ্ঠান টি সুন্দর ভাবে অনুষ্ঠিত হয়েছে বাঁকুড়ার উপরশোল ও রাজাকাটা শিক্ষানিকেতনে এবং




পুরুলিয়ার ভূতাম শবর শিক্ষানিকেতনে। ধন্যবাদ জানাই রাসমনি মুর্মু, রাধেশ্যাম দে, সাপারাম সরেন, মার্শাল মুর্মু, তপন মাহাত, ফুলন দেবী শবর কে।

আজকের বিশেষ দিনে #বোধোদয় পরিবার পেয়েছিল টিম আশ্বাস কে। টিম আশ্বাস তাদের ঔষধ এর ডালি নিয়ে সকাল থেকে প্রায় 70 এর উপর Patients দেখেছেন রানীবাঁধ এর রাজাকাটা মাঝ পাড়া শিক্ষানিকেতনে। ধন্যবাদ জানাই টিম আশ্বাস এর Dr.Apurba Karmakar কে।










**10th June, 2022:** **পুরুলিয়ার বান্দোয়ান ব্লকের শেষ গ্রাম। এই গ্রামের পরেই ঝাড়খণ্ড শুরু। 2019 সালে Covid-19 phase চলাকালীন এই গ্রামের সাথে পরিচয়।** পরিচয়ের সঙ্গী ছিল Subhajit Dutta. তখন থেকেই #বোধোদয় শুরু করেছিলো "বুড়িঝোর বোধোদয় শিক্ষানিকেতন", এখনও চলছে। আপনাদের সকলের আন্তরিক সহযোগিতায় শিক্ষানিকেতন তার আপন গতিতে এগিয়ে চলেছে। শিক্ষক: দেবীলাল সিং। কৃতজ্ঞতা জানাই The Relearn Foundation কে।



**11th June, 2022:** উপরশোল বোধোদয় শিক্ষানিকেতন ,উপরশোল, তালডাংড়া, বাঁকুড়া ,শিক্ষিকা: রাসমনি মুর্মু , শিক্ষক রাধেশ্যাম দে



**12th June,2022:** রাণীবাঁধ সংলগ্ন আদিবাসী অধ্যুষিত 'রাজাকাটা' গ্রামে 'বোধোদয়' একটি শিক্ষাকেন্দ্র পরিচালনা করে। শিক্ষা প্রদান করেন অন্যতম সংগঠক শ্রী সাপারাম সরেন। ১২ জুন রবিবার ২০২২ 'বোধোদয়' তার এই শিক্ষা কেন্দ্র সংশ্লিষ্ট স্থানেই অনুষ্ঠিত করলো "সর্পদংশন : প্রতিরোধ ও প্রতিকার" বিষয়ে প্রোজেক্টর, স্লাইড ও বিশেষজ্ঞ সহযোগে একটি আলোচনা সভা, যেটি ঐ এলাকার জীববৈচিত্র্যের নিরিখে স্থানীয় মানুষজনের কাছে তাৎপর্যপূর্ণ ও গুরুত্বপূর্ণ।






বিশেষজ্ঞ হিসেবে বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজের মেডিসিন বিভাগের প্রধান অধ্যাপক ডা: শ্যামল কুন্ডু মহাশয়ের সাবলীল বক্তব্য ও প্রাঞ্জল ব্যাখ্যা সাপ ও সাপের কামড় সম্পর্কে সাধারণ মানুষের সচেতনতা বৃদ্ধিতে খুবই সহায়ক হয়েছে।
এছাড়াও এই বিষয়ে বক্তব্য রাখেন বিজ্ঞান কর্মী সৌম্যদীপ ঘোষ। উপস্থিত ছিলেন আরও একজন চিকিৎসক ডাঃ মুকল প্রামাণিক মহাশয়।

সংগঠনের সম্পাদক পান্থদীপ বন্দ্যোপাধ্যায়, সহ-সম্পাদক তাপস কুমার দাস,ঈশিতা সরেন এবং টিংকু চক্রবর্তী প্রমুখ । উপস্থিত সকলে সভায় সহযোগিতা করেন। উপস্থিত ছিলেন রাণীবাঁধ পুলিশের আধিকারিক গন।



উপরন্তু আজ বিশ্ব শিশু শ্রম বিরোধী দিবস ।এই দিবস উপলক্ষে বোধোদয় তার এই শিক্ষানিকেতন এর সকল শিশু পড়ুয়াকে শিক্ষা উপকরণ সামগ্রী অর্পন করে । বোধোদয় এর পক্ষ থেকে উপকরণ সামগ্রী তুলে দেন ডাঃ শ্যামল কুন্ডু এবং ডাঃ মুকুল প্রামাণিক এবং অঙ্গীকার করে যাতে কোনও শিশু শ্রমিক না হয়, তার জন্য তারা প্রয়াসী থাকবেন।



পুরুলিয়া • বাঁকুড়া

আনন্দবাজার পত্রিকা

**সাপে কাটা নিয়ে**

**রানিবাঁধ:** সাপে কাটার প্রতিকার নিয়ে আদিবাসী মানুষজনের মধ্যে সচেতনতা গড়ে তুলতে রবিবার বিকেলে রানিবাঁধের রাজাকাটা গ্রামে সভা করল একটি সংগঠন। ছিলেন বাঁকুড়া মেডিক্যাল কলেজের মেডিসিন বিভাগের প্রধান শ্যামল কুণ্ডু প্রমুখ। উদ্যোক্তা সংগঠনের সম্পাদক পান্থদীপ বন্দ্যোপাধ্যায় বলেন, "সাপে কাটা নিয়ে এখনও নানা ধরনের কুসংস্কারে ভোগেন আদিবাসী মানুষজনের একাংশ। আমাদের লক্ষ্য, ওই সব মানুষকে সচেতন করা ও তাঁদের বিজ্ঞানমনস্ক করে তোলা। সে লক্ষ্যেই এ দিন কর্মসূচি হয়েছে।" তিনি জানান, সভায় বিভিন্ন ধরনের সাপ নিয়ে বিশদে আলোচনা হয়। সাপে কাটার পরে কী পদক্ষেপ করা উচিত, সে নিয়েও আলোচনা হয়েছে।



এই সময়

বর্ধমান সময়

THE TIMES OF INDIA

# সাপ নিয়ে সচেতনতা

এই সময়, বাঁকুড়া: স্বেচ্ছাসেবী সংগঠন 'বোধোদয়' পুরুলিয়া ও বাঁকুড়ার কয়েকটি গ্রামে পিছিয়ে পড়া জনগোষ্ঠীর মধ্যে স্বাস্থ্য ও শিক্ষার কাজ নিয়মিত করে। বাঁকুড়ার রানিবাঁধ সংলগ্ন আদিবাসী অধ্যুষিত রাজাকাটা গ্রামে একটি শিক্ষাকেন্দ্র পরিচালনা করে এই স্বেচ্ছাসেবী সংগঠন। সেখানে শিক্ষাপ্রদান করেন অন্যতম সদস্য সাপারাম সরেন। 'বোধোদয়' এর উদ্যোগে ১২ জুন এই শিক্ষাকেন্দ্রে অনুষ্ঠিত হলো 'সর্পদংশন' প্রতিরোধ ও প্রতিকার নিয়ে প্রোজেক্টর, স্লাইড ও বিশেষজ্ঞ সহযোগে একটি আলোচনা সভা। উপস্থিত ছিলেন বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজের মেডিসিন বিভাগের প্রধান অধ্যাপক শ্যামল কুণ্ডু। সাপ ও সাপের কামড় সম্পর্কে সাধারণ মানুষের সচেতনতা বৃদ্ধির ব্যাখ্যা দেন তিনি। ছিলেন বিজ্ঞান কর্মী সৌম্যদীপ ঘোষ, চিকিৎসক মুকুল প্রামাণিক ও বিশিষ্টরা। অনুষ্ঠানে ছিলেন সংগঠনের সম্পাদক পান্থদীপ বন্দ্যোপাধ্যায়, সহ-সম্পাদক তাপসকুমার দাস, ঈশিতা সরেন ও টিঙ্কু চক্রবর্তী।

চলছে আলোচনা সভা — এই সময়

19th June,2022 : ভূতাম শবর শিক্ষানিকেতন এর শিক্ষার্থীদের শিক্ষা উপকরণ সামগ্রী বিতরণ। 2018 সাল থেকে এই কেন্দ্রটি বোধোদয়ের দ্বারা পরিচালিত। এই শিক্ষানিকেতন এর শিক্ষকদের সাম্মানিক প্রদান করেন The Relearn Foundation। আমরা Relearn Foundation এর কাছে কৃতজ্ঞ।


বোধোদয়ের পক্ষ থেকে উপস্থিত ছিলেন সঞ্জয় মাহাত ও পান্থদীপ বন্দ্যোপাধ্যায়।


ভূতাম কেন্দ্রটি পুরুলিয়ার পুঞ্চা ব্লকের নপাড়া পঞ্চায়েত এ অবস্থিত। এই শিক্ষানিকেতন এর শিক্ষক হলেন তপন মাহাত এবং শিক্ষিকা ফুলন দেবী শবর ও সান্ত্বনা মাহাত। এই শিক্ষানিকেতন এর শিক্ষকদের অসংখ্য ধন্যবাদ জানাই তাদের নিরলস ভালোবাসা ও পরিশ্রমের জন্য।






21st June,2022 : আন্তর্জাতিক বিশ্ব যোগ দিবস ( International Day of Yoga) এই উপলক্ষে উপরশোল বোধোদয় শিক্ষানিকেতন,উপরশোল, বাঁকুড়া। #বোধোদয়ের পরিচালিত শিক্ষানিকেতন গুলি শুধুমাত্র পড়াশনা নয়,পড়াশনার পাশাপশি সমস্ত ধরনের বহিঃ পাঠক্রমিক কার্যাবলি গুলিও অনুশীলন করে চলে। ধন্যবাদ জানাই শিক্ষিকা রামমনি মুর্মু ও শিক্ষক রাধেশ্যাম দে কে।





**21st June,2022 :** আন্তর্জাতিক বিশ্ব যোগ দিবস ( International Day of Yoga) এই উপলক্ষে ভূতাম শবর শিক্ষানিকেতন





**22nd June,2022:** মুকুটমনিপুর জলাধার সংলগ্ন যে ছোটো পাহাড় গুলি আছে, সেই রকমই একটি পাহাড়ের কোলে সবুজ ঘাসের চাদরে মোড়া একটি বুগিয়াল। গড়ে ওঠেছে জঙ্গল ঘেরা ছোট্ট একটি গ্রাম। গ্রামের নাম জলহরি। জলহরি গ্রামের একেবারে শেষে জলহরি শবর টোলা। এখানে দাঁড়িয়ে দেখা যায় ছোটো ছোটো সবুজ পাহাড় গুলি মাথা উঁচু করে সারি বদ্ধ ভাবে অবস্থান করছে। গ্রামে ঢুকলেই কাগজ ফুলের গাছের তৈরি চাঁদোয়া আপনাকে বরন করে নেবে। জলহরি শবর টোলার ICDS কেন্দ্র তেই বোধোদয়ের নতুন শিক্ষানিকেতন এর শুভ সূচনা হল বিশ্ব মানবতাবাদী দিবস ( WORLD HUMANIST DAY) এ। আন্তরিক ধন্যবাদ জানাই খাতড়া 2 পঞ্চায়েত এর সকল আধিকারিক ও কর্মী বৃন্দদের। ওনাদের




আতিথেয়তা ও ব্যবস্থাপনা আমাদের কাজ কে সহজ করে দিয়েছে।

33 টি শবর পরিবারের 20 জন শবর শিশুদের নিয়েই শুভ উদ্বোধন হল *জলহরি শবর বোধোদয় শিক্ষানিকেতন* ধন্যবাদ জানাই শিক্ষক সোমনাথ মাহাত কে যার লালিত্যেই আসল প্রান পাবে এই শিক্ষানিকেতন টি। ধন্যবাদ জানাই খাতড়া 2 পঞ্চায়েত এর সম্মানীয় উপপ্রধান মহাশয় কে,যার উপস্থিতিতে সম্পূর্ণ প্রক্রিয়াটি সম্পন্ন হয়েছে। ধন্যবাদ জানাই বোধোদয়ের পক্ষ থেকে উপস্থিত কচিলাল শীট, ঈশিতা সরেন, পূর্ণ চন্দ্র সরেন ও সাপারাম সরেন কে।



বোধোদয়ের পক্ষ থেকে আজ সকল শিক্ষার্থীদের হাতে আমরা খাতা,পেন, পেন্সিল, চক্,শ্লেট,ছবি আঁকার খাতা,রং পেন্সিল, বর্ণপরিচয় ও আরও কিছু শিক্ষা উপকরণ সামগ্রী তুলে দিতে পেরেছি আপনাদের সকলের ঐকান্তিক সহযোগিতায়।





**24th June,2022:**


উপস্থিত ছিলেন শিক্ষক ও বিজ্ঞান কর্মী সৌম্য সেনগুপ্ত মহাশয়। শিশুদের মতন করে,তাদের মনের কাছে গিয়ে উপরশোল শিক্ষানিকেতন এর শিশুদের বিভিন্ন সাপ কে চেনালেন, সাপের কামড়ে কি কি প্রতিক্রিয়া হয় সেটা বোঝালেন, সাপে কামড়ালে তৎক্ষণাৎ কি করা উচিত সেটা শেখালেন। ওঝা,গুনীন একদমই নয় সেটা সতর্ক করলেন। শিশুদের মাঝে মাদল সহযোগে গান গেয়ে মাতিয়ে দিলেন উপরশোল বোধোদয় শিক্ষানিকেতন এর সকাল টি।

উপস্থিত ছিলেন শিক্ষানিকেতন এর শিক্ষিকা রাসমনি মুর্মু ও শিক্ষক রাধেশ্যাম দে মহাশয়।

বোধোদয়ের তরফে উপস্থিত ছিলেন কচিলাল শীট, শোভন গুপ্ত ও পান্থদীপ বন্দ্যোপাধ্যায়।

এছাড়াও বিশেষ ধন্যবাদ জানাই উপরশোল জুনিয়র হাইস্কুল এর শিক্ষক দেবার্নব সেন কে,এই ব্যবস্থাপনা করতে ওনার সহযোগিতা বিশেষভাবে উল্লেখযোগ্য।










**3rd July,2022:**


রামগড় শিক্ষানিকেতন ,রানীবাঁধ, বাঁকুড়া, শিক্ষক: মন্তেশ্বর হেমব্রম। আমরা এই কেন্দ্রেটি শুরু করেছিলাম Relearn Foundation এর আর্থিক সহায়তায়। প্রথম দিকে কুড়ি পঁচিশ জন শিক্ষার্থী নিয়ে এই কেন্দ্রটির সূচনা হয়েছিল।






**3rd July,2022:** রুগরুঘুটু,2017 এর November মাস।এই পথেই একদিন চলতে চলতে আমরা এসে পড়লাম অযোধ্যা পঞ্চায়েত এর রুগরুঘুটু গ্রামে।গ্রামবাসীদের সাথে কথা বলে জানতে পারলাম একটা শিক্ষা কেন্দ্রের খুব প্রয়োজন। এগিয়ে এলেন সোনারাম মুর্মু,ফাগুরাম মুর্মু, লক্ষীন্দর টুডু পড়ানোর জন্য।শুরু হল রুগরুঘুটু হালিহারিয়ার শিক্ষানিকেতন এর। আর্থিক সাহায্যের হাত বাড়িয়ে দিলেন The RELEARN FOUNDATION।






**9th July,2022:** উপরশোল বোধোদয় শিক্ষানিকেতন ,উপরশোল, তালডাংড়া,বাঁকুড়া, শিক্ষার্থীদের উপস্থিতির ভিত্তিতে, বোধোদয় এর অন্যতম সদস্যা সোমশ্রী বন্ধু এর আর্থিক সহায়তায়, শিক্ষার্থীর জন্য রং পেন্সিল দেওয়া হলো।






**9th July,2022:** চন্দনপুর বোধোদয় শিক্ষানিকেতন ,চন্দনপুর, মানবাজার, পুরুলিয়া, চন্দনপুর শিক্ষা নিকেতনের শিক্ষার্থীদের হাতে তুলে দেয়া হলো খাতা, বই,পেন,পেন্সিল প্রভৃতি শিক্ষা উপকরণ সামগ্রী।





**11th July,2022:** বোধোদয়ের পরিচালিত সকল শিক্ষানিকেতন এর শিক্ষক ও শিক্ষিকাদের জানাই আন্তরিক শ্রদ্ধা। শিক্ষক মহাশয়দের অন্তরের ভালোবাসা ও উৎসাহ রয়েছে এই ছবি গুলির মধ্যে। আর যারা এঁকেছে,তারা আমাদের প্রাণের প্রিয়।





**9th August,2022:**




আজ বিশ্ব আদিবাসী দিবস,আর বোধোদয় কাজ করে আদিবাসী অঞ্চলে স্বাস্থ্য ও শিক্ষা নিয়ে,তারই রেশ ধরে আজ বাঁকুড়া শহরে পশ্চিমবঙ্গ বিজ্ঞান মঞ্চের বাঁকুড়া জেলা শাখার সহযোগিতায় সাপের কামড়ের প্রতিকার ও প্রতিরোধ এবং ক্যানসার রোগ এর সম্বন্ধে এক কর্মশালার আয়োজন করেছে,এতে বোধোদয়ের সমস্ত কেন্দ্র গুলির শিক্ষক শিক্ষিকা ও তৎ সংলগ্ন






অঞ্চলের উদ্যমী যুবকেরা অংশগ্রহণ করেছেন। উপস্থিত ছিলেন পশ্চিমবঙ্গ বিজ্ঞান মঞ্চ এর বাঁকুড়া জেলার সম্পাদক শ্রী জয়দেব চন্দ্র মহাশয়, বাঁকুড়া বিজ্ঞান কেন্দ্রের সোমনাথ দত্ত, তপন বন্দ্যোপাধ্যায়, সাধন চন্দ্র দানা মহাশয়। উপস্থিত ছিলেন বোধোদয়ের পক্ষ থেকে ডঃ মুকুল প্রামাণিক ও ডঃ দেবাশিস পরামানিক মহাশয়। উপস্থিত ছিলেন আশ্বাস এর পক্ষ থেকে ডঃ কার্তিক মহান্ত ও ডঃ অপূর্ব কর্মকার। বোধোদয়ের পক্ষ থেকে উপস্থিত ছিলেন দেবাংশু পরামানিক, তাপস দাস, কচিলাল শীট, ঈশিতা সরেন, সাপারাম সরেন।

উপস্থিত ছিলেন মানবাজার এর চন্দনপুর শিক্ষানিকেতন , বিষ্ণুপুর এর উপরশোল শিক্ষানিকেতন , রাণীবাঁধ এর রাজাকাটা শিক্ষানিকেতন, রাণীবাঁধ এর রামগড়, খাতড়া এর জলহরি শিক্ষানিকেতন, পুঞ্চার ভূতাম শবর শিক্ষানিকেতন। বোধোদয়ের এর কর্মশালা সব দিক থেকে সাফল্য মন্ডিত হয়েছে। অনুষ্ঠান এর শুভ সূচনা করলেন সাপারাম সরেন তার অসাধারণ গানের মধ্য দিয়ে।





**31st August,2022:** আজ 31.08.2022 মাননীয় শিক্ষক শ্রী স্বপন কুমার আশ মহাশয় এর বিদ্যালয় কর্মজীবনের অবসর গ্রহনের দিন। মাননীয় স্বপন বাবু কোতুলপুরের ভগলপুর রাধাকৃষ্ণ উচ্চ বিদ্যালয়ের সহ শিক্ষক। আজকে এই বিদ্যালয় থেকে অবসরের দিনে এক ব্যতিক্রমী অবসর নিলেন স্যার। স্যার প্রমান করলেন অবসর বলে আসলে কিছুই হয় না। বিদ্যালয় জীবন ছিল তাঁর কর্মজীবনের প্রথম অধ্যায় এবং তিনি আজকের দিনেই শুরু করলেন তাঁর জীবনের দ্বিতীয় অধ্যায়।



সেই উপলক্ষে স্যার বোধোদয় এর মেম্বারশিপ নিলেন এবং আর্থিক সহযোগিতার হাতও বাড়িয়ে দিলেন। তিনি প্রতিশ্রুতি দিয়েছেন তিনি বোধোদয়ের পাশে থাকবেন, বোধোদয়ের শিক্ষা নিকেতনগুলি পরিদর্শনে যাবেন। বোধোদয়ের বিভিন্ন ব্যাপারে আমরা যে তাঁকে পাশে পাবো সে আশ্বাস তিনি জানিয়েছেন। অর্থাৎ তাঁর নতুন কর্মজীবনের শুরু হলো আবার। বোধোদয় এর কর্মযজ্ঞে তাঁকে সাদর আমন্ত্রণ। স্যারকে পাশে পেয়ে আমরা আনন্দিত, আমরা গর্বিত।



**24th September,2022:** আজ (২৪/০৯/২০২২) "Income Tax sports and Recreation club ও বোধোদয়ের" যৌথ উদ্যোগে বাঁকুড়ার খাতড়ার জলহরি, রানীবাঁধ এর রাজাকাটা, রানিবাঁধের কাটিআম ও রানীবাঁধের রামগড় শিক্ষা নিকেতনের মোট ১১৭ জন শিক্ষার্থীকে দুর্গা পুজোর আগে নতুন কাপড় জামা, নতুন খাতা পেন্সিল দেয়া হল । এছাড়াও প্রতিটি শিক্ষা নিকেতনের জন্য কলা, কেক ও বিস্কুট টিফিনের ও ব্যবস্থা করা হয়েছিল । কাটিআম এবং রাজাকাটার শিক্ষানিকেতনের শিক্ষার্থীদের সাথে আমাদেরও একসাথে দুপুরের খাবার এর ব্যবস্থা করা হয়েছিল ।

ধন্যবাদ জানাই Income Tax Sports and recreation club কে। ধন্যবাদ জানাই দেবাশীষ সাও দাদা, টিঙ্কু চক্রবর্তী মহাশয় কে।





**25th September,2022:** রামগড় শিক্ষা নিকেতন, রামগড়, রানিবাঁধ, বাঁকুড়া ,শিক্ষার্থী দের নতুন জামা, কাপড় ও মায়েদের নতুন শাড়ি প্রদান।আর্থিক সহযোগীতায় Income Tax Sports and Recreation club. ব্যাবস্থাপনায় "বোধোদয় "





## 26th September,2022:



২৬ শে সেপ্টেম্বর , ঈশ্বরচন্দ্র বন্দ্যোপাধ্যায় এর জন্মদিন। বোধোদয় এর পক্ষ থেকে আমরা আমাদের কন্যা সম ছাত্রী নমিতার হাতে তুলে দিলাম তার খুব প্রয়োজনীয় একটি Crutch।

উক্ত দিনেই আমাদের আরও দুই কন্যা সম ছাত্রী এর হাতে তুলে দিতে পারলাম কিছু পুষ্টিকর খাবার। এই খাবার দেওয়ার জন্য আর্থিক ভাবে সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছেন দেবাশীষ সাও দাদা।

ধন্যবাদ জানাই বোধোদয় এর সঙ্গে যুক্ত সকল শুভনুধ্যাযায়ী কে।





## 1st october,2022:

আজ (01/10/2022, মহা ষষ্ঠী) বোধোদয় এর পক্ষ থেকে পুরুলিয়ার মানবাজারের চন্দনপুর শিক্ষা নিকেতনের ৪৪ জন শিক্ষার্থীর হাতে নতুন কাপড় জামা আমরা তুলে দিতে পারলাম। একইসঙ্গে শিক্ষা নিকেতনের সকল শিক্ষার্থীর জন্য খাতা পেন পেন্সিল তুলে দেয়া হলো শিক্ষিকা তৃপ্তি ব্যানার্জীর হাতে। চিকিৎসক দেবাশীষ পরামানিক মহাশয় আমাদের এই উদ্যোগে আর্থিকভাবে সহযোগিতা করেছেন। ধন্যবাদ জানাই চিকিৎসক দেবাশীষ পরামানিক মহাশয়কে।





## 2nd october,2022:

"বোধোদয়" এর "ভূতাম শবর শিক্ষানিকেতন" এ এই বছর নতুন কাপড় জামা দিয়ে গেলেন **HUMAN CURE YOGA SOCIETY, Kolkata।**

আজ প্রায় ৭৫ জন শিক্ষার্থী এর হাতে নতুন কাপড় দেওয়া হলো। বোধোদয় এর পক্ষ থেকে অসংখ্য ধন্যবাদ জানাই রেশমা খাতুন দিদি কে, ধন্যবাদ জানাই তার Human Care Yoga Society কে।






**14th November,2022:** চন্দনপুর শিক্ষা নিকেতনের শিক্ষার্থীদের শিশু দিবস পালন।



**19th November,2022:** "ভূতাম শবর শিক্ষানিকেতন" ও বুড়িঝোড় বোধোদয় শিক্ষা নিকেতন এর কিছু চিত্র





**4th December,2022:** চতুর্থ বার্ষিক সাংস্কৃতিক প্রতিযোগিতা। অংশগ্রহণ করেছে চন্দনপুর শিক্ষানিকেতন ও ভূতাম শবর শিক্ষা নিকেতন। বিশেষ ধন্যবাদ জানাই ভূতাম শিক্ষা নিকেতনের শিক্ষক মহাশয় তপন কুমার মাহাতোকে এবং চন্দনপুর শিক্ষা নিকেতনের শিক্ষিকা তৃপ্তি ব্যানার্জিকে।








**4th December,2022:** চতুর্থ বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা । অংশগ্রহণ করেছে চন্দনপুর শিক্ষানিকেতন ও ভূতাম শবর শিক্ষা নিকেতন। বিশেষ ধন্যবাদ জানাই ভূতাম শিক্ষা নিকেতনের শিক্ষক মহাশয় তপন কুমার মাহাতোকে এবং চন্দনপুর শিক্ষা নিকেতনের শিক্ষিকা তৃপ্তি ব্যানার্জিকে।







**4th December,2022:** চতুর্থ বার্ষিক সাংস্কৃতিক প্রতিযোগিতা। অংশগ্রহণ করেছে চন্দনপুর শিক্ষানিকেতন ও ভূতাম শবর শিক্ষা নিকেতন। বিশেষ ধন্যবাদ জানাই ভূতাম শিক্ষা নিকেতনের শিক্ষক মহাশয় তপন কুমার মাহাতোকে এবং চন্দনপুর শিক্ষা নিকেতনের শিক্ষিকা তৃপ্তি ব্যানার্জিকে। চতুর্থ বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতি প্রতিযোগিতার শেষে পুরস্কার তুলে দেওয়ার পালা। অনুষ্ঠানে উপস্থিত আছেন টিংকু চক্রবর্তী, সুনীল মুর্মু, তাপস দাস, ক্ষীরোদ মাহাতো ও পান্থদীপ বন্দ্যোপাধ্যায়।






**11th December,2022:** শীত পড়েছে। প্রতিবছর বোধোদয় চেষ্টা করে, বোধোদয় পরিচালিত শিক্ষা নিকেতনগুলি যে সমস্ত গ্রামগুলিতে রয়েছে সেখানে অন্তত একটি করে কম্বল পৌঁছে দেওয়ার। সাহায্যের হাত বাড়িয়ে দেন অসংখ্য সহযোগী সংস্থা, অনেক গুণী মানুষ শুভানুধ্যায়ীরা। আজকেও আমরা চলেছি বাঁকুড়ার জলহরি শবর পাড়া, রাজা কাটা ও রামগড়ে











**18th December,2022:** খাতড়ার জলহরি শবর শিক্ষা নিকেতন সংলগ্ন গ্রামে বাঁকুড়ার আশ্বাসের সহায়তায় বোধোদয় এর উদ্যোগে আমরা সম্পূর্ণ করলাম এক দিনের দাতব্য চিকিৎসা শিবির কেন্দ্র।ধন্যবাদ জানাই ডক্টর কার্তিক মোহন্তকে এবং টিম আশ্বাসকে






**18th December,2022:** বোধোদয় এর বিভিন্ন শিক্ষনিকেতন গুলির শিক্ষার্থী দের হাতে আঁকা মন ছুঁয়ে যাওয়া ছবি।






**20th December,2022:**

শীতের সকাল, পড়াশোনা চলছে, ভুতাম শবর শিক্ষনিকেতন, পুঞ্চা, পুরুলিয়া






## 31st December,2022:

বছরের শেষ দিন। এই শেষ দিনে সকাল সকাল Team বোধোদয় পৌঁছে গিয়েছিলো বিষ্ণুপুর সংলগ্ন উপরশোল গ্রামে।




Bodhodoy পরিবারের পক্ষ থেকে উপরশোল গ্রামের ৭২ টি পরিবারের হাতে শীতের কম্বল তুলে দেওয়া হলো। আর্থিক সহযোগিতা করেছেন বোধোদয় পরিবারের সদস্য বিমান ব্যানার্জী। এই গ্রামের ই শিক্ষানেকেতন এর শিক্ষিকা আমাদের রাসমণি মুর্মু। রাসমণি কে অসংখ্য ধন্যবাদ জানাই এই ৭২ পরিবারের তালিকা তৈরি করার জন্য। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বোধোদয় এর সদস্য অর্ক রায়, কচিলাল শিট, তাপস দাস মহাশয়েরা।





**1ST JANUARY, 2023:** বোধোদয় এর উদ্যোগে ও ব্যবস্থাপনায় বাঁকুড়ার খাতরা মহকুমার জলহরি শবর পাড়াতে একটি তিন দিনের আবাসিক প্রশিক্ষণ শিবিরের ব্যবস্থা করা হয়েছিল। বিষয় ছিল কাশি ঘাস, বাবুই দড়ি এবং খেজুর পাতা দিয়ে বিভিন্ন সৌখিন জিনিস তৈরি করা। শেখাতে এসেছিলেন পুরুলিয়ার পুঞ্চা ব্লকের নির্ভয়পুর গ্রাম থেকে জ্যোৎস্না শবর দিদি। জ্যোৎস্না দিদিকে জলহরিতে পৌঁছে দেওয়া ও প্রশিক্ষণ শেষে আবার নিজের গ্রামে ফিরিয়ে দেওয়া এর দায়িত্ব নিয়েছিলেন বোধোদয় এর সদস্য তপন মাহাতো। ধন্যবাদ জানাই পরিবারের সদস্যদের এবং এই প্রশিক্ষণের সঙ্গে যুক্ত সকল শুভানুধ্যায়ীদের।








**8th JANUARY, 2023:** বোধোদয়ের পরিচালনায় পঞ্চম বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা।


অনুষ্ঠানে অংশগ্রহণ করেছে বান্দোয়ানের বুড়িঝোড়, রানীবাঁধে এর রামগড় ও রাজা কাটা এবং খাতড়ার জলহরি শবর শিক্ষা নিকেতন। সব মিলিয়ে 160 জন শিক্ষার্থী এই খেলাধুলাতে অংশগ্রহণ

করেছিল। আমরা পাশে পেয়েছি রিলার্ন ফাউন্ডেশনকে। প্রধান অতিথি হিসেবে পেয়েছিলাম আনিসুর রহমান মহাশয়কে। বিশেষ অতিথি হিসাবে পেয়েছিলাম রাজাকাটা পঞ্চায়েতের প্রধান মাননীয়া পদ্মা মাহাতো মহাশয়া কে। পাশে পেয়ে ছিলাম বর্ধমানের ভ্রামনিক কে।







**22nd January, 2023 :** বোধোদয় পরিবারের একটি ছোট্ট অনুষ্ঠান,মাননীয়া জয়শ্রী মুখার্জি তার সন্তান প্রিয়বোধ এর পাঁচ বছরের জন্মদিনে উপলক্ষে রাজাকাটা শিক্ষানিকেতনের শিক্ষার্থীদের সঙ্গে একটি ছোট্ট অনুষ্ঠানের আয়োজন করেছিল। সৌজন্যে বোধোদয়।রাজাকাটা বোধোদয় শিক্ষনিকেতন,রানিবাঁধ, বাঁকুড়া





**23rd January, 2023 :** বোধোদয়ের ব্যবস্থাপনায় ও পরিচালনায় বৈকালিক,তমলুক, পূর্ব মেদিনীপুর সহযোগী সংস্থার আর্থিক সহায়তায় পুরুলিয়ার মানবাজারের চন্দনপুরে, বান্দোয়ানের আমঝর্ণা কাররু গ্রামে ও বাঁকুড়ার খাতড়ার জলহরি শবর গ্রামে শীতকালীন কম্বল, পোশাক, সোয়েটার প্রদান করা হলো। বিশেষ ধন্যবাদ জানাই বোধোদয় পরিবারের সদস্য সুপ্রকাশ মন্ডল মহাশয় ও পারুল মণ্ডল কে।










**29th January, 2023 :** বিষ্ণুপুর সংলগ্ন জয়পুর বনাঞ্চলের মধ্যে একটি ছোট্ট গ্রাম লোটিহীড়। বাঁকুড়া জেলার এই কেন্দ্রটির দিদিমণি হলেন সুষমা মুর্মু। এই কেন্দ্রটি পরিচালনা করবে বোধোদয় এবং দিদিমণির সাম্মানিক প্রদানে সহায়তা করবেন Relearn Foundation. ধন্যবাদ জানাই রিলার্ন ফাউন্ডেশনের কর্ণধার মিতা তরফদার দিদি কে। বোধোদয়ের পক্ষ থেকে সকল শিক্ষার্থীর হাতে তুলে দেয়া হলো খাতা, পেন, পেন্সিল, ছবি আঁকার খাতা, রং পেন্সিল, স্লেট, বই ও আনুষঙ্গিক জিনিসপত্র। এটিকে নিয়ে বোধোদয়ের মোট আটটি শিক্ষা কেন্দ্র হল। যাদের ভালোবাসায় প্রচেষ্টায় বিশ্বাসে এই বোধোদয়ের পথ চলা, এগিয়ে যাওয়া তাদের সকলকে জানাই সশ্রদ্ধ স্বীকৃতি।










**4th February,23 :**

আজ আমরা দ্বিতীয় বারের জন্য লোটিহীড় গ্রামে গিয়েছিলাম। সঙ্গে ছিলো সাড়া এবং Income Tax Sports and Recreation Club। সকল ছাত্র ও ছাত্রীদের দেওয়া হলো বাঁধানো খাতা ও বসার আসন। ধন্যবাদ জানাই বিপ্লব দেবনাথ দাদা, ড: আনন্দময় মুখার্জী ও ইন্দ্রনীল চক্রবর্তী মহাশয় কে।









**4th February, 23 :** আরো একটি নতুন শিক্ষা নিকেতন, শবর শিশু দের জন্য

বাঁকুড়ার রানীবাঁধ ব্লক এর মুকুটমণিপুর জলাধার সংলগ্ন শবর গ্রাম বড়দা। রানীবাঁধ ব্লকের প্রথম মহিলা গ্রাজুয়েট হলেন রেণুকা শবর, ওনার স্বপ্ন ওনার মতন গ্রামের শিশুরাও পড়াশোনা শিখুক, এগিয়ে আসুক, আরো বড় হোক। এই স্বপ্ন কেই বুকে রেখে শুরু হলো আরো একটি নতুন শিক্ষা নিকেতন। "বড়দা শবর বোধোদয় শিক্ষনিকেতন"।

Bodhodoy -বোধোদয় এর পরিচালনায় ও উদ্যোগে, "The Relearn Foundation" এর আর্থিক সহায়তায় আজ ০৫/০২/২৩( রবিবার ) থেকে শুরু হলো এই শিক্ষা কেন্দ্রের পথ চলা।

আজ পাশে পেলাম "সাড়া -The Response" কে।






**27th February,23 :** বোধোদয়ের উদ্যোগে, বোধোদয়ের সদস্য শ্রী কচিলাল শীট ও শ্রীমতি কল্যাণী কুন্ডুর আর্থিক সহযোগিতায় বিষ্ণুপুর সংলগ্ন তালডাংরা ব্লকের উপরশোল গ্রামের বিশেষভাবে সক্ষম রোহিত শোরেন এর তুলে দেওয়া হলো একটি তিচক্র যান।

প্রাসঙ্গিকভাবে উল্লেখযোগ্য, বোধোদয়ের পরিচালনায় তালডাংরা ব্লকের সাতমৌলি পঞ্চায়েতের অন্তর্গত উপরশোল গ্রামে দীর্ঘদিন ধরে একটি নন ফর্মাল শিক্ষনিকেতন চলে, এই শিক্ষা নিকেতন সংলগ্ন গ্রামেতেই শীতের শুরুতে কম্বল দিতে গিয়ে, বোধোদয়ের সদস্যদের চোখে পড়ে বিশেষভাবে সক্ষম রোহিত সরেনের চিত্র। তারপর থেকে এই উদ্যোগ।
স্বতঃস্ফূর্ত উদ্যোগের যারা কান্ডারী, তাদেরকে জানাই কুর্নিশ।








**27th February,23 :** #বোধোদয় পরিবারের পক্ষ থেকে আয়োজন করা হয়েছিল বিনামূল্যে চিকিৎসা শিবির।আজকের বিশেষ দিনে #বোধোদয় পরিবার পেয়েছিল টিম আশ্বাস কে। টিম আশ্বাস তাদের ঔষধ এর ডালি নিয়ে সকাল থেকে প্রায় 130 এর উপর Patients দেখেছেন বিষ্ণুপুর সংলগ্ন জয়পুর বনাঞ্চলের মধ্যে একটি ছোট্ট গ্রাম লোটিহীড় শিক্ষানিকেতনে। ধন্যবাদ জানাই টিম আশ্বাস এর ডক্টর কার্তিক মোহন্তকে ।









**2nd March,23 :** আজ ( ০২/০৩/২৩ তারিখে ) বোধোদয়ের উদ্যোগে, "রিলার্ন ফাউন্ডেশন" এর আর্থিক সহযোগিতায় বিষ্ণুপুর ব্লকের জয়পুর বনাঞ্চল সংলগ্ন গ্রাম লোটিহীড় এ শালপাতার থালা তৈরির মেশিন, সেলাই মেশিন প্রদান করা হলো। গ্রামের মায়েদের কে স্বনির্ভর করার জন্য ১০ জন মহিলাকে নিয়ে একটি গ্রুপ তৈরি করে আজ থেকে ১০ দিনের প্রশিক্ষণও শুরু হল। প্রশিক্ষণ শেষে সকলকে সাম্মানিক প্রদান ও করা হবে।সম্পূর্ণ বিষয় টি দেখভাল করছেন এই গ্রামেরই লক্ষ্মী নারায়ণ মুর্মু মহাশয়। তিনি জানিয়েছেন এই গ্রামের মায়েরা এই বিষয়ে খুব উপকৃত হবেন। এছাড়া এই গ্রামে শিশুদের নিয়ে একটি শিক্ষালয়ও খোলা হয়েছে। "লোটিহীড় বোধোদয় শিক্ষনিকেতন" এর দিদিমনি হলেন এই গ্রামের ই সুষমা মুর্মু। এখন ছাত্র -ছাত্রী সংখ্যা ৫২ দাঁড়িয়েছে।বেলশুলিয়া পঞ্চায়েত মাননীয়া প্রধান কৃষ্ণা সর্দার মহাশয়া উপস্থিত থেকে, ওনার মূল্যবান বক্তব্য রেখেছেন।



উপস্থিত ছিলেন Relearn Foundation এর Dr. Mita Tarafder. বোধোদয় এর কচিলাল শিট, দেবাংশু পরামানিক, তাপস দাস ও পান্থদীপ বন্দ্যোপাধ্যায়।










4th March,23 : Bodhodoy -বোধোদয় বোধোদয়ের পরিচালিত পুরুলিয়া ও বাঁকুড়া জেলার বিভিন্ন শিক্ষা নিকেতন গুলির প্রতিদিনকার চিত্র। এটাই আমাদের স্বপ্ন












**16th March,23 :** বিভিন্ন শিক্ষা কেন্দ্রে, বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান পরিচালনা করার জন্য বোধোদয় এর অন্যতম সদস্যা মাননীয়া উপাসনা ব্যানার্জি আমাদেরকে একটি Sound System টি প্রদান করেছেন ও আরো একটি projecter দিয়েছেন। ধন্যবাদ জানাই উপাসনা ব্যানার্জি মহাশয়া কে।

বোধোদয় মূলত কাজ করে সাঁওতাল ও শবর মানুষদের নিয়েই।বিভিন্ন শিক্ষক ও গুনি মানুষদের সাহায্য নিয়েই বোধোদয় চলে। বোধোদয় বিশেষ ভাবে কৃতজ্ঞ বিভিন্ন সংগঠনের কাছে,যেমন রিলার্ন ফাউন্ডেশন, Income Tax Sports and Recreation Club, Kolkata, প্রত্যর্পন, উত্তরণ আরামবাগ, স্বপ্নের সাথী,বর্ধমান ফুভিস ক্লাব,পশ্চিমবঙ্গ বিজ্ঞান মঞ্চ, বাঁকুড়া জেলা ।

আমরা কৃতজ্ঞ বেশ কিছু শুভানুধ্যায়ী মানুষের কাছে, তারা হলেন মাননীয়া সোমাশ্রী বন্ধু, মাননীয়া মিতা তরফদার, মাননীয় দেবাশীষ সাউ, মাননীয় দেবাশীষ পরামানিক, মাননীয় টিংকু চক্রবর্তী, মাননীয়া উপাসনা ব্যানার্জি, মাননীয় জয়শ্রী মুখার্জি প্রমুখ।

পান্থদীপ বন্দ্যোপাধ্যায়

প্রতিষ্ঠাতা সদস্য
সম্পাদক, বোধোদয়